

২০২১ বাংলা

অনার্স

(জেনেরিক ইলেকটিভ)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমিস্টার

কোর্স কোড : BNGH-GE-T-1

বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ), ছন্দ, অলংকার,
বৈষ্ণব পদাবলী

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রদর্শন নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

[A4 কাগজের দশ-বারো পাতার মধ্যে উত্তর লেখা আবশ্যিক।]

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও: $২ \times ১০ = ২০$
- ক) চর্যাপদের পুঁথিতে মোট কতগুলি পদ পাওয়া গিয়েছিল? প্রকৃতপক্ষে পদের সংখ্যা কত ছিল?
- খ) কবি বিজয়গুপ্ত কোথায় জন্মগ্রহণ করেন? তাঁর কাব্যের নাম কী?
- গ) শ্রীকৃষ্ণদাস কবিরাজ রচিত 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থটি কয়টি খণ্ডে বিভক্ত? গ্রন্থটির অধ্যায় সংখ্যা উল্লেখ করো।
- ঘ) কবি রূপরাম চক্রবর্তীর কাব্যের নাম কী? তিনি কোন্ সময়ের কবি ছিলেন?

- ঙ) সাধককবি রামপ্রসাদ কোথায় জন্মগ্রহণ করেন? তিনি কোন্ রাজার পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন?
- চ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কার সম্পাদনায়, কোথা থেকে প্রকাশিত হয়?
- ছ) 'অহর্নিশি রহত অগোর'— কার সম্বন্ধে বলা হয়েছে? 'অগোর' শব্দের অর্থ কী?
- জ) 'আমার শপতি লাগে'—পদটিতে কাকে, কী শপথ করানো হচ্ছে?
- ঝ) "একদিঠ করি ময়ূর ময়ূরী।
কণ্ঠ করে নিরীক্ষণে।" — রাধা এরূপ কাজ করেছেন কেন?
- ঞ) 'কি কহব রে সখি আনন্দ ওর'—রাধার এরূপ আনন্দের কারণ কী? দুই একটি কথায় ব্যক্ত করো।
- ট) কলাবৃত্ত ছন্দের মাত্রাগণনা পদ্ধতিটি কী?
- ঠ) 'পর্ব' শব্দটি দল বিভাজন করো।
- ড) 'ভারত ভারত খ্যাত আপনার গুণে'— উদ্ভূতিটি কোন্ অলংকারের দৃষ্টান্ত?
- ঢ) যমক অলংকার কয় প্রকার ও কী কী?
- ণ) বঙ্গোক্তি অলংকারের একটি দৃষ্টান্ত দাও।
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$
- ক) উদাহরণ ও ব্যাখ্যাসহ সংজ্ঞা লেখো : যমক, শ্লেষ।
- খ) ছন্দলিপি প্রণয়ন করো:
"ভূতের মতন চেহারা যেমন, নির্বোধ অতি ঘোর।
যা কিছু হারায়, গিম্বি বলেন, কেণ্টা বেটাই চোর।"

- গ) রূপরাম চক্রবর্তী অথবা নারায়ণ দেব-এর সাহিত্যকীর্তি সংক্ষেপে আলোচনা করো।
- ঘ) চর্যাপদাবলীতে সমাজজীবনের যে ছবি পাওয়া যায়, তা বুঝিয়ে দাও।
- ঙ) তোমার পাঠ্য গৌরান্দ বিষয়ক পদটি কার রচনা? পদটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- চ) 'রূপ লাগি আঁখি বুঝে' পদটির ভাবসৌন্দর্য বুঝিয়ে দাও।
- ৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও: $10 \times 2 = 20$
- ক) কলাবৃত্ত ছন্দ কাকে বলে? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।
- খ) কবি কৃত্তিবাস রচিত রামায়ণ কাব্যের জনপ্রিয়তার কারণগুলি বুঝিয়ে দাও।
- গ) বাংলা সাহিত্যের ইতিহাসে 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের গুরুত্ব আলোচনা করো।
- ঘ) মাথুর-এর সংজ্ঞা দিয়ে তোমার পাঠ্য মাথুর বিষয়ক পদটির আধ্যাত্মিক তাৎপর্য বুঝিয়ে দাও।
-